

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সারিইয়া যায়েদ বিন হারেছাহ (سرية زيد بن حارثة)

পম হিজরী জুমাদাল আখেরাহ। রোম সম্রাট হেরাক্লিয়াসের নিকটে রাসূল (ছাঃ)-এর প্রেরিত দূত ও পত্রবাহক দেহিইয়া কালবী সম্রাট প্রদন্ত উপঢৌকনাদি নিয়ে ফেরার পথে ওয়াদিল কোরা-র হিসমা (حِسْمَى) নামক স্থানে পোঁছলে জুযাম (جُدَام) গোত্রের কিছু লোক তার উপরে হামলা করে সবকিছু ছিনিয়ে নেয়। মদীনায় ফিরে তিনি নিজ গৃহে প্রবেশের আগে রাসূল (ছাঃ)-এর দরবারে উপস্থিত হয়ে সব ঘটনা বর্ণনা করেন। তখন রাসূলুল্লাহ (ছাঃ) যায়েদ বিন হারেছাহর নেতৃত্বে ৫০০ সৈন্যের একটি দল হিসমার উদ্দেশ্যে প্রেরণ করেন। তারা জুযাম গোত্রের কিছু লোককে হত্যা করেন এবং ১০০০ উট, ৫০০০ ছাগল ও শ'খানেক নারী ও শিশুকে পাকড়াও করে মদীনায় ফিরে আসেন।

উক্ত গোত্রের সাথে যেহেতু পূর্বেই সন্ধিচুক্তি ছিল এবং অন্যতম গোত্রনেতা যায়েদ সহ কয়েকজন আগেই ইসলাম কবুল করেছিলেন ও তারা ডাকাত দলের বিরুদ্ধে দেহিইয়াকে সাহায্য করেছিলেন, সেহেতু যায়েদ বিন রেফা'আহ জুযামী কালবিলম্ব না করে মদীনায় চলে আসেন ও রাসূল (ছাঃ)-এর নিকটে সবকিছু বর্ণনা করেন। তখন রাসূল (ছাঃ) তাদেরকে গণীমতের সব মাল ফেরৎ দানের নির্দেশ দেন (আর-রাহীক্ব ৩৫৭ পৃঃ)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5561

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন